লক্ষ্যং যিত্নমানম্

# WEST BENGAL STATE UNIVERSITY
B.A. Honours 5th Semester Examination, 2023-24

## BNGACOR12T-BENGALI (CC12)

Time Allotted: 2 Hours — Full Marks: 50

*প্রান্তিক সীমার মধ্যস্থ সংখ্যাটি প্রশ্নেরমান নির্দেশ করে।*
*পরীক্ষার্থীদের নিজের ভাষায় যথা সম্ভব শব্দসীমার মধ্যে উত্তর দিতে হবে।*

১। প্রতিটি একক থেকে ***একটি*** করে প্রশ্ন নিয়ে মোট ***চারটি*** প্রশ্নের উত্তর দাওঃ ১০×৪ = ৪০
(প্রতিটি উত্তরের শব্দসংখ্যা অনধিক ৩০০ হবে)

**একক -১**

(ক) “নিজের কন্যার উপরে পিতার যে স্বাভাবিক অধিকার আছে, তাহা যেন পণের টাকার পরিবর্তে বন্ধক রাখিতে হইয়াছে।” — এই উক্তির আলোকে সমকালীন সমাজ-ব্যবস্থার নির্মম চিত্রটি উদ্ঘাটিত করো। ১০

**অথবা**

(খ) নারীর মর্যাদাবোধে প্রতিষ্ঠিত হওয়ার এক বিশ্বাসযোগ্য দলিল ‘অপরিচিতা’ গল্পটি — আলোচনা করো। ১০

**একক - ২**

(গ) ‘সুন্দরম্’ গল্পটি মধ্যবিত্ত মনের নির্মোহ ব্যবচ্ছেদ হিসেবে অসামান্য। — মন্তব্যটির পক্ষে তোমার যুক্তি দাও। ১০

**অথবা**

(ঘ) রাষ্ট্রশক্তির শাসন-শোষণ ও ভণ্ডামির কদর্য রূপটি মি. টেনব্রুকের চরিত্রের মধ্যে দিয়ে ফুটে উঠেছে। — আলোচনা করো। ১০

**একক -৩**

(ঙ) ‘ডমরু-চরিত’ গল্প অবলম্বনে ডমরু ধরের চরিত্রের বিশেষত্ব নির্দেশ করো। ১০

**অথবা**

(চ) ‘দেবদাসী’ গল্পে সমাজের যে কদর্য রূপ প্রকট হয়েছে, তার উপর আলোকপাত করো। ১০

**একক - ৪**

(ছ) ‘স্তনদায়িনী’ গল্পের যশোদা চরিত্রটির মাতৃত্বের স্বরূপ ব্যাখ্যা করো। ১০

**অথবা**

(জ) স্বপ্নময় চক্রবর্তীর ‘গণেশ’ গল্পে বিজ্ঞানের অপব্যবহার কীভাবে সমাজের দারিদ্র্য-লাঞ্ছিত মানুষকে অস্তিত্বের সংকটের সম্মুখীন করেছে, তার পরিচয় দাও। ১০

২। নিম্নলিখিত যে-কোনো *দুটি* প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাওঃ (প্রতিটি অনধিক ১৫০ শব্দে) ৫×২=১০

(ক) "মেয়েদের কাপড়ে আগুন লাগিয়ে মরা একটা ফ্যাশান হয়েছে।" ৫

— প্রসঙ্গ উল্লেখ করে তাৎপর্য ব্যাখ্যা করো।

(খ) "সব পরাজয়ের প্রতিশোধ নিতে পারা যায় এতক্ষণে।" ২+৩

— কার, কোন্ পরাজয়ের কথা বলা হয়েছে ? সে কীভাবে প্রতিশোধ নিল ?

(গ) "ছেলের ঋণ আমি রাখব না।" ২+৩

— কে, কাকে এ কথা বলেছে ? কোন্ 'ঋণে'র কথা বলা হয়েছে ?

(ঘ) "মাকে আমি মানুষের উচিত সাহস দিতে পারিনি। মা যেন সেই সাহস পায়।" ৫

— প্রসঙ্গ উল্লেখ করে তাৎপর্য ব্যাখ্যা করো।

——×——